উপজেলা পরিষদ কার্যালয়
কমলনগর, লক্ষ্মীপুর।

জানুয়ারি/২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ মেজবাহ্ উদ্দিন আহম্মদ বাপ্পী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

সভার স্থান ঃ উপজেলা রিসোর্স সেন্টার, হাজির হাট, কমলনগর।

সভার তারিখ ও সময় ঃ ১১.০১.২০২২ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে দেখানো হ'লঃ

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরন করা হয়। অত:পর সভাপতি চলমান উন্নয়ন কাজের অগ্রগতি ক্রমান্বয়ে উপস্থাপনের জন্য উপস্থিত সকল বিভাগীয় প্রধানকে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুরকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জনাব মীর মোঃ আমিন ইসলাম (মঞ্জু) সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ পর্যন্ত করোনা টিকা প্রদানের মোট রেজিস্ট্রেশন (অন লাইন) ৯৬,৮৪১, ১ম ডোজ প্রদান ১,০৩,৫৪৭ জন, ২য় ডোজ ৭৪,৩৫৩ জন, ৩য় ডোজ প্রদান ৫১৮ জন। কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রমঃ প্রতি ওয়ার্ডে ৮ টি ইপিআই কেন্দ্রে সরকারি নির্দেশনা অনুযায়ী চলমান রয়েছে। নমুনা সংগ্রহ ৩,৬৬১ টি, ফলাফল ৩,৬৬১ টি, পজিটিভ ৬১২ টি, নেগিটিভ ৩০১৯ টি, ফলাফল পেন্ডিং ০ টি। পজিটিভ কেইস সর্বমোট ৬১২ জন। সুস্থ্য ৬১১ জন (রেপারসহ), বর্তমানে চিকিৎসাধীন ০, মোট মৃত্যু ০১ জন (বাড়ীতে)। করোনার উপসর্গ নিয়ে মৃত্যুবরণ করেন ০৭ জন, সংগৃহীত নমুনার ফলাফল সবগুলো নেগিটিভ অর্থাৎ করোনা আক্রান্ত ছিলেন না। ডিসেম্বর/২০২১ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সঃ নরমাল ডেলিভারী ৩৩ জন মা ও নবজাতক সুস্থ্য ও স্বাভাবিক রয়েছে। হাসপাতালে নরমাল ডেলিভারীর সকল সুযোগ সুবিধা রয়েছে, প্রাতিষ্ঠানিক ডেলিভারী নিশ্চিতকরণে সকলের সহযোগিতা কামনা করেন। হাসপাতালের সংস্কার, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং শোভাবৃদ্ধির কাজ চলমান রয়েছে। হাসপাতালে জীন এক্সপার্ট ও ডিজিটাল এক্সরে মেশিন চালু রয়েছে। ফ্লু কর্ণার (জ্বর, সর্দি, কাশি, শ্বাস কষ্ট) রোগীর সংখ্যাঃ ১০৯ জন, বহিঃ বিভাগঃ ৭২৫০ জন, জরুরী বিভাগঃ ৪৮৯ জন, ভর্তি রোগীঃ ৬২১ জন রোগীকে যথাযথভাবে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যায়ে ইপিআইসহ যাবতীয় কার্যক্রম সরকারী নিয়মানুযায়ী সামাজিক দুরত্ব বজায় রেখে সতর্কতার সহিত স্বাভাবিকভাবে চলছে। কমিউনিটি ক্লিনিক সমূহ সকাল ৯.০০ টা হইতে ৩.০০ টা পর্যন্ত খোলা রেখে কার্যক্রম চলমান রয়েছে। কোভিড-১৯ টিকাদান কার্যক্রম চলমান রয়েছে। | ১। স্বাস্থ্য বিভাগে রোগীদের চিকিৎসা সেবা যথাযথভাবে প্রদান করার জন্য অনুরোধ করা হয়।<br>২। করোনা ভাইরাস পরিস্থিতিতে উপজেলায় করোনা রোগীদের যথাযথ সেবা প্রদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৩। করোনা রোগীদের আইসোলেশন ব্যবস্থা ও হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কমলনগর ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩ | উপজেলা প্রকৌশল বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২১-২২ অর্থ বছরে এডিপি প্রকল্পের আওতায় যাচাই-বাছাই কমিটির সিদ্ধান্তে আলোকে প্রকল্পগুলোর (পরিশিষ্ট-'গ') প্রাক্কলন প্রস্তত করা হয়েছে। সভায় তা অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এছাড়া ইউজিডিপি প্রকল্পে ২০১৯-২০ অর্থ বছরের (৪র্থ পর্যায়) অবকাঠামো উপ-প্রকল্পের মধ্যে ১নং উপ-প্রকল্প কমলনগর উপজেলায় কমিউনিটি ক্লিনিকে প্রসূতি সেবায় সরঞ্জাম সরবরাহের কাজ সমাপ্ত হয়েছে। উক্ত প্রকল্পের ৯,৪৫,১০০/- (ভ্যাট ও ট্যাক্স সহ) টাকা এবং ভ্যাট ও ট্যাক্স ব্যতিত ৮,৪৫,৮৬৪/-টাকার বিল ভাউচার সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | ১। সভায় ব্যাপক আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২১-২২ অর্থ বছরে এডিপি প্রকল্পের আওতায় যাচাই-বাছাই কমিটির সিদ্ধান্তের আলোকে প্রকল্পগুলো (প্রাক্কলনসহ) সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। দ্রুত ০১-৭৮ নং ক্রমিক পর্যন্ত প্রকল্পসমূহ টেন্ডার আহবান করার জন্য অনুরোধ করা হয়। বাকীগুলো পিআইসি/RFQ প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সভায় আলোচনান্তে কমলনগর উপজেলায় | উপজেলা প্রকৌশলী, কমলনগর ও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | | কমিউনিটি ক্লিনিকে প্রসূতি সেবার সরঞ্জাম সরবরাহ উপপ্রকল্পের ভ্যাট ট্যাক্স ব্যতিত ৮,৪৫,৮৬৪/- টাকা এবং ভ্যাট ট্যাক্স সহ ৯,৪৫,১০০/- (নয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত) টাকার বিল ভাউচার সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ ইকতারুল ইসলাম সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি রোপা আমন মৌসুমে ১৯৩৬৫ হেক্টর জমিতে আমন ধানের আবাদ অর্জিত হয়েছে এবং উৎপাদিত লক্ষ্যমাত্রা ৯৬,৮২০ মেঃ টন। শীতকালীন সবজির আওতায় ২৮৫ হেঃ জমিতে আবাদ অর্জিত হয়েছে। ২২৫০ হেঃ জমিতে বোরো ধানের আবাদের লক্ষ্যে ১৩০ হেঃ ও ২০ হেঃ জমিতে যথাক্রমে হাইব্রিড ও উপশী ধানের বীজতলা স্থাপিতে হয়েছে। কৃষি প্রনাদনা কর্মসূচীর ৫০ হেঃ জমিতে সমলয়ে চাষাবাদের জন্য ট্রেতে বীজতলা স্থাপন করা হয়েছে। অদ্য ১১/০১/২০২২খ্রিঃ পর্যন্ত ইউরিয়া ৩৩০ মেঃ টন, টিএসপি ৬০ মেঃ টন, এমওপি ৩০ মেঃ টন এবং ডিএপি ১০৩ মেঃ টন সারের মজুদ রয়েছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলনগর |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কমলনগর |
| ০৭ | উপজেলা খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কমলনগর উপজেলায় অভ্যন্তরীন আমন সংগ্রহ ২০২১-২২ এর আওতায় ১১১১ মেঃ টন ধান ও ১৭৪ মেঃ টন চাল বরাদ্দ পাওয়া যায়। সে অনুযায়ী অত্র উপজেলায় আমন ধান সংগ্রহ =৪৩০.০০০ মেঃ টন ও আমন চাল সংগ্রহ ১৭৪.০০০ মেঃ টন। আগামী ২৮/০২/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত আমন সংগ্রহ কার্যক্রম চলমান থাকবে। | ১। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষমাত্রা অনুযায়ী আমন সংগ্রহ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, কমলনগর |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জানুয়ারি/২০২২ মাস পর্যন্ত প্রাপ্ত মূল ঋণ তহবিল ৩৫,১৪,০০০/-টাকা, মোট ঋণ তহবিল ৪২,৩২,৬৭৭/-টাকা, চলতি মাসে বিতরণ নাই, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ৫,৯০,০০০/-টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১,৪২,৭৫,০০০/-টাকা, মোট ঋণী সংখ্যা ২৭৩ জন, চলতি মাসে আদায় যোগ্য ২,৫৯,৮০০/-টাকা, চলতি মাসে আদায়কৃত ২,২৮,২০০/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ১,১৭,৬৩,৫১৮/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়কৃত ১,০৮,৫৭,১৭৮/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯২.৩০%। চলতি বছরে প্রশিক্ষণ ১৮০ জন। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ৪,১৭০ জন। ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা ২,৬৯৪ জন। | ১। ঋণ আদায় কার্যক্রম চলমান রেখে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কমলনগর |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় ডিসেম্বর/২০২১ মাসের সম্প্রসারণ সমূহ:-গবাদি পশুর চিকিৎসা-১১৬০ টি, পোল্ট্রি চিকিৎসা-৫৪২০ টি, গবাদি পশুর টিকাদান-২৯৮৮ টি, পোল্ট্রি টিকাদান-১৫০০০, কৃত্রিম প্রজনন-৪৬২টি। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। প্রাণি চিকিৎসা ও টিকাদান কর্মসূচী যথাযথ প্রক্রিয়ায় সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কমলনগর |
| ১১ | সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২২ অর্থ বছরে শতভাগ ভাতার আওতায় কমলনগর উপজেলার বয়স্ক ভাতা ও বিধবা ভাতার কাজ বাস্তবায়ন করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে অতিরিক্ত ও নিয়মিত মিলে বয়স্ক ভাতা ৮৩৯০ জন, বিধবা ভাতা ৬৩১৬ জন, প্রতিবন্ধী ভাতা ৩১৫৯ এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ৬৯ জন ভাতাভোগীর পে-রোল প্রেরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত ১০ জন রোগীর মাঝে ১ম কিস্তির এককালীন অনুদানের ৫০,০০০/- টাকার ক্রস চেক বিতরণ করা হয়েছে। বাংলাদেশ প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় জরিপ কাজ চলমান রয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | রোগীদের আবেদন গ্রহণ কাজ চলমান রয়েছে। প্রতিবন্ধী জরিপ কাজ চলমান রয়েছে। | | |
| ১২ | সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সমবায় বিভাগের নিবন্ধিত সমিতির সংখ্যা সমবায় বিভাগীয় ১১৪ টি ও বিআরডিবি ভুক্ত ৩০ টি, সর্বমোট ১৪৪ টি। ২০২০-২১ সনে অডিটযোগ্য সমিতির সংখ্যা ৮১ টি। জানুয়ারি/২২ সমিতির অডিট সম্পাদন করা হয়েছে ৪১ টি, অডিট সম্পাদনের হার ৫১%। পরিদর্শন/তদারকি ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। সরকারি রাজস্ব ধার্য ১৪,০৮০/- টাকা। আদায়কৃত ১৪,০৮০/- টাকা। আদায়ের হার ১০০%। রাজস্ব খাতে প্রশিক্ষণঃ আইজিএ প্রশিক্ষণ সমাপ্ত পুরুষ, মহিলা ২৮ জন। চর ঠিকা আশ্রয়ন-২ প্রকল্পে ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ ৫৩ লক্ষ টাকা। আদায়যোগ্য ঋণ ৫৩ লক্ষ টাকা। জানুয়ারি/২২ পর্যন্ত আদায়ের পরিমান ৩৮.৮৮ লক্ষ টাকা, আদায়ের হার ৭৩.৩৫%। জানুয়ারি/২২ পর্যন্ত প্রকল্প দপ্তরে সার্ভিস চার্জ প্রেরণ ৯৬,৩৮৫/- টাকা। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় সমবায় অংশঃ ক) প্রকল্পে সমিতি গঠনের লক্ষ্যমাত্রা-৬০ টি, সমিতি গঠনের সংখ্যা-৬০ টি। প্রকল্প প্রশিক্ষণ সমাপ্তঃ এক দিনের প্রশিক্ষণ-২৬৪০ জন। তিন দিনের বিশেষ প্রশিক্ষণ ১৮০ জন। আইজিএ প্রশিক্ষণ মহিলা ৪০ জন ও পুরুষ ৪০ জন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, কমলনগর |
| ১৩ | নার্সারী বিভাগ ঃ উপজেলা রেঞ্জ কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা রেঞ্জ কর্মকর্তা, কমলনগর |
| ১৪ | আনসার ভিডিপি বিভাগ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ১৫ | মৎস্য বিভাগ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলনগর |
| ১৬ | পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দাগগুচ্ছ জরিপ-১ম পর্ব মাঠ পর্যায়ের কাজ চলমান। মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহের মাঠ পর্যায়ের কাজ চলমান। আদা, হলুদ, মুলা, জলপাই ও কামরাঙ্গা ফসলের মাঠ পর্যায়ের কাজ চলমান। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলনগর |
| ১৭ | জনস্বাস্থ্য বিভাগ ঃ উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহঃ প্রকৌঃ, জনস্বাস্থ্য বিভাগ |
| ১৮ | পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ঋন আদায় বৃদ্ধিসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলনগর |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ২০ | উপজেলা দারিদ্র বিমোচন বিভাগঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি অর্থ বছর (২০২১-২২) ডিসেম্বর/২১ইং মাসে সমিতি গঠন লক্ষমাত্রা নাই। অর্জন নাই। সদস্য ভর্তি লক্ষমাত্রা ৩০ জন, অর্জন ২২ জন। সঞ্চয় আদায়ের লক্ষমাত্রা ৫,০০,০০০/-টাকা, অর্জন ৫,৯৭,৭৪৭/- টাকা। ক্ষুদ্র ঋণ বিতরণ লক্ষমাত্রা ২৫.০০ লক্ষ টাকা, অর্জন ২৫.৬০ লক্ষ টাকা। ক্ষুদ্র ঋণ আদায়ের লক্ষমাত্রা ২২,৫০,১০০/- টাকা, অর্জন ২২,২৫,১০০/-টাকা, আদায়ের হার ৯৯%। ডিসেম্বর/২০২১ মাসে সেল্প ও চাকুরীজীবিদের মাঝে ঋণ বিতরণের লক্ষমাত্রা ১৫.৩০ লক্ষ টাকা, অর্জন ১৫.৩০ লক্ষ টাকা। সেল্প ঋন আদায়যোগ্য ১২.৮০ লক্ষ টাকা, অর্জন ১২.৮০ লক্ষ টাকা। আদায়ের হার ১০০%। ক্রমপুঞ্জিত (শুরু থেকে স্থিতি অনুযায়ী) সমিতি গঠন ৪৪টি, সদস্য ভর্তি ১,৩২০ জন, ঋণী সদস্য ৮৭৮ জন। নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ ২০০ জন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ৫০ জন। সেল্প ও চাকুরীজীবি ঋণী সদস্য ১১৯ জন, সঞ্চয় স্থিতি ১,১১,৯১,০৭০/-টাকা, ঋণ বিতরণ (ক্ষুদ্র ও সেল্প এবং চাকুরীজীবিসহ) ১৬,০০,২২,০০০/- টাকা, ঋণ আদায়যোগ্য ১৫,২৯,৬৭,২৫১/- টাকা, আদায়যোগ্য হতে আদায় ১৪,৫৬,৭৮,৫৭১/- টাকা, আদায়ের হার ৯৫%। বর্তমানে মাঠে পাওনা ঋনের পরিমান ২,৯৩,০৭,৮৯৪/- টাকা। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২১ | আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংকঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলনগর সভাকে জানান | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য | এজিএম পল্লী বিদ্যুৎ |

| | | | |
|---|---|---|---|
| | যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। সার্বিক কার্যক্রম পরিচালায় পল্লী বিদ্যুৎ বিভাগকে সহযোগিতা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | অনুরোধ করা হয়। | সমিতি |
| ২৩ | **ইউজিডিপিঃ** উপজেলা উন্নয়ন সহায়ক সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা উন্নয়ন সহায়ককে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা উন্নয়ন সহায়ক, কমলনগর |
| ২৪ | **তথ্য আপা প্রকল্পঃ** উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, কমলনগর |
| ২৫ | **ফায়ার সার্ভিসঃ** স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস |
| ২৬ | **ইসলামিক ফাউন্ডেশনঃ** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন |

উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধান ও সকল ইউপি চেয়ারম্যানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালন করার আহবান জানান।

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধান ও সকল ইউপি চেয়ারম্যানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালন করার আহবান জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলার সকল ট্যাগ অফিসারগণকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করেন। সর্বস্তরে সুশাসন নিশ্চিতকরণ ও জনসেবার মান উন্নয়নের জন্য বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহন করেছে। সরকারী কর্মচারীদের জন্য বেতন-ভাতা অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হয়েছে। ফলে আমাদেরকে আরো আন্তরিকতার সহিত কাজ করতে হবে। কোভিড-১৯ পরিস্থিতি উন্নতি হলে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের ছাত্র ছাত্রী ঝরে পড়া রোধে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক শিক্ষার মানোন্নয়নে উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানান। বিদ্যমান আইন ও বিধি বিধানের মধ্যে সরকারি সেবা ব্যবস্থার যে কোন উদ্ভাবনী কৌশল সভায় আলোচনা বা উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রস্তাব করার জন্য সকল কর্মকর্তাকে অনুরোধ করেন। এছাড়া উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালনের মাধ্যমে সরকারের যাবতীয় কর্মসূচির সঠিক বাস্তবায়নের জন্য আহ্বান জানান।

মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-৪ সভায় সকলকে অভিনন্দন জানান। সভায় আগত সকলেই তার অভিনন্দন গ্রহন করেন এবং উপস্থিত সদস্যগণ মাননীয় সংসদ সদস্যকেও অভিনন্দন জানান। এরপর মাননীয় সংসদ সদস্য সভাকে জানান যে, কমলনগর উপজেলা সংলগ্ন মেঘনা নদীর ভাঙ্গনে মানুষ যখন দিশেহারা ঠিক তখনই মাননীয় প্রধানমন্ত্রী, বঙ্গবন্ধু কণ্যা জননেত্রী শেখ হাসিনা কমলনগর উপজেলায় নদীর তীরে বাঁধ নির্মাণের জন্য বরাদ্দ অনুমোদন করেন। সেই মর্মে নদী বাঁধের কাজ চলতি মাসের ০৯ তারিখে উদ্বোধন হয়েছে। সবাইকে এই বাঁধের দিকে নজর দেওয়ার জন্য অনুরোধ জানান। সুষ্ঠুভাবে বাঁধের কাজ যেন হতে পারে সে বিষয়ে সহযোগিতা করারও আহবান জানান। তিনি আরো জানান যে, তোরাবগঞ্জ-মতির হাট সড়ক খুবই গুরুত্বপূর্ণ বিধায় IRIDP এর আওতায় দ্রুত সংস্কার জন্য উপজেলা প্রকৌশলী, কমলনগরকে অনুরোধ করেন।

সভাপতি, উপজেলা পরিষদ সভায় সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। উপজেলার সকল ইউপি চেয়ারম্যান ও সকল কর্মকর্তাগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করার আহবান জানান। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করার অনুরোধ করেন। এছাড়া করোনা ভাইরাস প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নদী বাঁধের কাজ সুষ্ঠ ও সুন্দর পরিবেশে করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। আকস্মিক জোয়ার ভাটার কারণে নদীর তীরবর্তী ইউনিয়ন গুলোর রাস্তা নষ্ট হয়ে গেছে। এগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য মাননীয় সংসদ সদস্যকে অনুরোধ করেন।

<u>বিবিধঃ</u>

এছাড়া ডিসেম্বর/২০২১ মাসে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত নিম্নলিখিত অর্থ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো ঃ

০১. উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের আপ্যায়ন বাবদ পরিশোধ-৩০,০০০/- টাকা।
০২. উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের বিবিধ খরচ বাবদ পরিশোধ-৫,০০০/- টাকা।
০৩. উপজেলা চেয়ারম্যান-এর নভেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-৪০,০০০/- টাকা।
০৪. উপজেলা ভাইস চেয়ারম্যান-এর নভেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৫. উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)-এর নভেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৬. জনাব কেশব চক্রবর্ত্তী, অফিস সহায়ক এর নভেম্বর/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১২,১০০/- টাকা।
০৭. জনাব আনোয়ার পারভেজ, অফিস সহায়ক এর নভেম্বর/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১২,১০০/- টাকা।
০৮. জনাব লক্ষন চন্দ্র দাস, মালী এর নভেম্বর/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১২,১০০/- টাকা।
০৯. জনাব হারুনুর রশিদ, সুইপার এর অক্টোবর/২০২১ বাবদ পরিশোধ-১১,০০০/- টাকা।
১০. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ফ্লোর ও ওয়াল টাইলস বাবদ পরিশোধ-১,৯৭,৭৯৩/-টাকা।
১১. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের গেইট বাবদ পরিশোধ-১,৬৭,৭৬৪/-টাকা।
১২. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তা আনসার সদস্যদের আবাসন নির্মাণ আংশিক বিল পরিশোধ-৬,০৫,৭০৩/-টাকা।
১৩. উপজেলা পরিষদের জীপগাড়ি জ্বালানী বিল বাবদ পরিশোধ-১,৩২,১৭০/-টাকা।
১৪. উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত বিল বাবদ পরিশোধ-১,০০,০০০/-টাকা।

১৫. ভূমি হস্তান্তর কর ১% বাবদ প্রাপ্তি নভেম্বর/২০২১মাসের-৪,৮৯,৪৮২.২৫/-টাকা।
১৬. ডিসেম্বর/২০২১ মাস শেষে উপজেলা রাজস্ব তহবিলে স্থিতি-১৯,৭৬,৩০৫/- টাকা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মেজবাহ্ উদ্দিন আহম্মদ বাপ্পী)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

স্মারক নং ০৫.৪২.৫১৩৩.০০০.০২০.০০৮.২০২২-১১
তারিখ ঃ ১১.০১.২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
০২. পরিচালক, স্থানীয় সরকার, চট্রগ্রাম বিভাগ, চট্রগ্রাম।
০৩. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
০৫. সিনিয়র সহকারী সচিব, উপজেলা-২শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. উপজেলা . . . . . . . . . . . . . . . . . .কর্মকর্তা, কমলনগর, লক্ষ্মীপুর।
০৭. চেয়ারম্যান . . . . . . . . . . . . . . . . . (সকল) ইউ পি, কমলনগর, লক্ষ্মীপুর।
০৮. জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

(মোঃ কামরুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর।